সমকাল

তারিখ ... 02 APR 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ১ ...

# কারিগরি শিক্ষায় কর্মসংস্থানের সুযোগ বাড়ছে

— নাহিদ

■ সমকাল প্রতিবেদক

কারিগরি শিক্ষা যুবসমাজের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে। এই শিক্ষায় যারা দক্ষতা অর্জন করতে পারবেন, তাদেরকে চাকরি খুঁজতে হবে না, চাকরি তাদের খুঁজে নেবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

গতকাল শুক্রবার স্কিলস অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রকল্পের সহযোগিতায় ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে দিনব্যাপী জব ফেয়ারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, 'সরকার কারিগরি শিক্ষায় পরিবর্তন এনেছে। এ কারণে এ শিক্ষা গ্রহণের হার বেড়েছে। ২০০৮ সালে ১ দশমিক ২ শতাংশ থেকে বেড়ে এখন তা ১৩ দশমিক ১১ শতাংশ হয়েছে। ২০২০ সালের মধ্যে তা ২০ শতাংশে উন্নীত করা হবে।' এই শিক্ষা প্রসারে ২৩টি পলিটেকনিক ইনস্টিটিউটসহ প্রত্যেক উপজেলায় একটি করে নতুন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করা হচ্ছে বলেও জানান তিনি।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন, স্কিলস অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রকল্প পরিচালক মো. ইমরান, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমান, বিশ্বব্যাংকের সিনিয়র কর্মকর্তা ড. মো. মোখলেছুর রহমান, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ প্রকৌশলী মো. মোজহার হোসেন প্রমুখ।

জব ফেয়ারে স্যামস্যাং বাংলাদেশ, জবস বিডি, প্রাণ গ্রুপ, আরএফএল গ্রুপ, ওয়ালটন, ট্রান্সকম ইলেক্ট্রনিক্স, স্পেকট্রাম, রাশেদুল হাসান অ্যাসোসিয়েটস, টেকনোক্রেসি, এশিয়ান মেডিকেল কলেজ ও হাসপাতাল, বেঙ্গল সায়েন্টিফিক, বেইনবো অটোমেশন, সতত আর্কিটেক্চার ফর গ্রিন লিভিং, ত্রিমাত্রা, পান্থনীড়, ইউনাইটেড কনসালট্যান্টসহ মোট ৩০টি প্রতিষ্ঠান অংশ নিয়েছে।